



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কৃষি মন্ত্রণালয়

কৃষিই সমৃদ্ধি

বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট  
(বারটান)

পরিচালক (প্রশাসন ও অর্থ)-এর দপ্তর  
সেচ ভবন, ২২ মানিক মিয়া এভিনিউ, ঢাকা

[www.birtan.gov.bd](http://www.birtan.gov.bd)

স্মারক নম্বর: ১২.০৯.০০০০.০০১.০১.০০১.১৯-৬৯৪

তারিখ: ২০ কার্তিক ১৪২৬

০৫ নভেম্বর ২০১৯

বিষয়: বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান)-এর অবকাঠামো নির্মাণ ও কার্যক্রম শক্তিশালীকরণ প্রকল্পে সহকারী প্রকল্প পরিচালক নিয়োগ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান)-এর অবকাঠামো নির্মাণ ও কার্যক্রম শক্তিশালীকরণ প্রকল্পটি ০২.০৭.২০১৩ খ্রি: তারিখে ১৬২.০০ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই ২০১৩ হতে জুন ২০১৭ মেয়াদে একনেক কর্তৃক অনুমোদিত হয়। বিভিন্ন মেয়াদে এ প্রকল্পের মেয়াদ বৃদ্ধি পায় এবং সংশোধিত প্রাক্কলিত ব্যয় ৩৫৪১২.৪৮ লক্ষ টাকা নির্ধারিত হয়। সর্বশেষ গত ১৭.১০.২০১৯ খ্রি: তারিখে আন্তঃঅঙ্গ ব্যয় সমন্বয়-এর প্রশাসনিক আদেশ জারী হয়। এছাড়া প্রকল্পের ব্যয়বৃদ্ধি ব্যতিরেকে জুন ২০২০ মেয়াদে এ প্রকল্প সমাপ্ত হবে মর্মেও আদেশ জারী হয়।


০২। বর্ণিত প্রকল্পে প্রকল্প পরিচালক (যুগ্মসচিব) হিসেবে জনাব এস. এম. শিবলী নজির (পরিচিতি নম্বর: ৪৭৫৩) গত ২৩.০৯.২০১৩ খ্রি: তারিখে যোগদান করেন। প্রকল্পের শুরু থেকে বারটান-এর প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (চ: দা:) জনাব এ এইচ এম জালাল উদ্দিন আকবর নিজ দায়িত্বের অতিরিক্ত দায়িত্ব হিসেবে সহকারী প্রকল্প পরিচালক-এর দায়িত্ব পালন করছেন। তিনি বর্তমানে ৬ষ্ঠ গ্রেডের কর্মকর্তা। জনাব এ এইচ এম জালাল উদ্দিন আকবর আগামী ৩১.১২.২০১৯ খ্রি: তারিখে পিআরএল-এ গমন করবেন। প্রকল্প পরিচালক জনাব এস. এম. শিবলী নজির আগামী ০৩.০৩.২০২০ খ্রি: তারিখে পিআরএল-এ গমন করবেন।

০৩। নারায়নগঞ্জের আড়াইহাজার উপজেলায় বারটান প্রধান কার্যালয়ের অবকাঠামো সংশ্লিষ্ট কাজ এখনও শতভাগ সমাপ্ত হয়নি। এছাড়া, ০৭টি আঞ্চলিক কার্যালয় (নেত্রকোনা, রংপুর, সিরাজগঞ্জ, ঝিনাইদহ, বরিশাল, নোয়াখালী, সুনামগঞ্জ)-এর নির্মাণ কাজও শতভাগ সমাপ্ত হয়নি। বিশেষ করে সুবর্ণচর এবং নেত্রকোনার প্রশিক্ষণ ভবন-এর নির্মাণ কাজ এখনও চলমান রয়েছে। এ সকল নির্মাণ কার্যক্রমের অগ্রগতি নিয়মিতভাবে পর্যবেক্ষণ ও তদারকি করতে হয়। ফলে, প্রকল্পের শেষ পর্যায়ে প্রকল্পের সঙ্গে সম্পৃক্ত ২ জন কর্মকর্তা না থাকলে প্রকল্পটি সুষ্ঠুভাবে সমাপ্ত হতে সমস্যা হবে।

০৪। প্রসঙ্গত: উল্লেখ্য যে, বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান)-এর অবকাঠামো নির্মাণ ও কার্যক্রম শক্তিশালীকরণ প্রকল্পে সহকারী প্রকল্প পরিচালক-এর পদটি ৯ম গ্রেডের। প্রকল্প হতে প্রকল্প সংশ্লিষ্ট সকল কর্মকর্তা/কর্মচারীর বেতন-ভাতাদি প্রদান করা হয়।

০৫। বর্ণিতাবস্থার প্রেক্ষাপটে বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান)-এর অবকাঠামো নির্মাণ ও কার্যক্রম শক্তিশালীকরণ প্রকল্পে সহকারী প্রকল্প পরিচালক-এর পদে একজন উপসচিব

পর্যায়ের কর্মকর্তাকে জরুরি ভিত্তিতে প্রেষণে পদায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।



৫-১১-২০১৯

বরনা বেগম

নির্বাহী পরিচালক

সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।